WEST BENGAL STATE COUNCIL OF VOCATIONAL EDUCATION & TRAINING

Higher Secondary (Vocational) Examination, 2011

CLASS XII

(For Regular & Casual Candidates)

BENGALI

Time Allowed: 3 Hours Full Marks: 100

পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।

ডানদিকে প্রশ্নের পূর্ণমান দেওয়া আছে।

১। প্রতিটি উত্তর কমবেশি ৬টি বাক্যে লিখে নীচের যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২

(ক) ''তৎকালে এই নতুন প্রণালী অবলম্বন করাও একপ্রকার সাহসের কর্ম বলিয়া পরিগণিত হইয়াছিল।'—কার লেখা কোন্ রচনার অংশ? 'তৎকালে' বলতে কোন্ সময় কালকে বোঝানো হয়েছে? ২+১

(খ) 'ধর্মসভার অধ্যক্ষেরা তাঁহাকে কারাগারে নিক্ষিপ্ত করিলেন।'—'তাঁহাকে' বলতে এখানে কাকে বোঝানো হয়েছে? তাঁকে কারাগারে নিক্ষিপ্ত করা হয়েছিল কেন? ১+২

(গ) 'সে সামগ্রী পাইবার নয়, তৈয়ার করিয়া লইতে হইবে।'—উদ্ধৃতিটির বক্তা কে? তিনি কেন এ কথাটি বলেছিলেন? ১+২

(ঘ) 'অনধিকার প্রবেশ' গল্পটির লেখক কে? কোন্ মূল গ্রন্থ থেকে গল্পটি সংকলিত? গল্পটির প্রধান চরিত্র কোন্‌টি? ১+১+১

(ঙ) 'তার একমাত্র কারণ শিক্ষাহীনতা।'—লেখক কে? কোন্ রচনা থেকে উদ্ধৃত? প্রাবন্ধিক কাদের মধ্যে শিক্ষাহীনতা লক্ষ্য করেছেন? ১+১+১

(চ) 'কী ভয়ানক দারিদ্র্যের মূর্তি কুটিরে কুটিরে।'—উক্তিটির বক্তা কে? বক্তা কোন্ প্রসঙ্গে উক্তিটি করেছেন? ১+২

(ছ) 'তোমাদের দেশ বড় নিষ্ঠুর রাজু।'—বক্তা কে? কোন্ রচনার অংশ? 'রাজু' কে? ১+১+১

২। কমবেশি ১৮টি বাক্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১×৯

(ক) 'তথাপি তিনি অশঙ্কিত ও অসংকুচিত চিত্তে, শিষ্যদিগকে আনুষঙ্গিক সেই সকল বিষয়ে শিক্ষা দিতে লাগিলেন।'—কার লেখা কোন্ প্রবন্ধে উদ্ধৃতিটি পড়েছ? কোন্ মূল গ্রন্থ থেকে প্রবন্ধটি সংকলিত? এখানে 'তিনি' বলতে কাকে বোঝানো হয়েছে? তিনি শিষ্যদিগকে কী কী বিষয়ে শিক্ষা দিতে লাগলেন? ২+১+১+৫

(খ) 'ইস্পাতের মেয়ে' পাঠ্যাংশে মূল দুটি চরিত্র কী কী? চরিত্র দুটির স্বরূপ বিশ্লেষণ করো। ২+৩½+৩½

(গ) 'তোমার কোন উপকার করিতে পারি?'—লেখক কে? কোন্ রচনার উদ্ধৃতি? বক্তা কে? বক্তার উপকার করবার ইচ্ছা হয়েছিল কেন লেখো। ১+১+১+৬

(ঘ) 'এই সামান্য ঘটনায় নিখিল জগতের সর্বজীবের মহাদেবতা পরম প্রসন্ন হইলেন কিন্তু ক্ষুদ্র পল্লীর সমাজ নামধারী অতিক্ষুদ্র দেবতাটি নিরতিশয় সংক্ষুব্ধ হইয়া উঠিল।'—কথাগুলো কার লেখা কোন্ রচনা থেকে উদ্ধৃত? বক্তা কে? ঘটনাটিকে সামান্য বলার কারণ বিশ্লেষণ করো। ২+১+৬

(ঙ) 'এ মাটি কিছুতেই কেবলমাত্র সমাজের কতিপয় লোকের সম্পত্তি হয়ে থাকতে পারে না।'—উদ্ধৃতিটি কোন্ প্রবন্ধের? লেখক কে? 'এ মাটি' বলতে কী বোঝানো হয়েছে? উদ্ধৃতাংশটির বক্তব্য বিষয় নিজের ভাষায় ব্যক্ত করো। ১+১+২+৫

(চ) 'আমার মনে কষ্ট রহিয়া গেল যে, আমি তাহাকে তাহার মুখের অত সাধের ভাত দুটি খাইতে দিই নাই।'—আমি কে? কেন তিনি 'তাহাকে' তাহার মুখের ভাত খেতে বাধা দিয়েছিলেন? বক্তার মনে যে কষ্টের উপলব্ধি তার স্বরূপ বিশ্লেষণ করো। ১+৪+৪

(ছ) 'দেখিলাম, রাজু কবি বটে দার্শনিকও বটে।'—কোন্ প্রসঙ্গে বক্তার এই উক্তি? বক্তার নাম উল্লেখ করে উক্তিটির বক্তব্য বিষয় নিজের ভাষায় লেখো। ২+১+৬

৩। প্রসঙ্গ উল্লেখ করে কমবেশি ১০টি বাক্যে যে কোনো **একটির** ব্যাখ্যা লেখো : ৫×১

(ক) 'তিনি পৃথিবীকে পদাঘাত করিয়া উচ্চৈঃস্বরে কহিলেন, ইহা এখনও চলিতেছে।'

(খ) 'বাঘে-ভালুকে খায়, সেও ভালো, আর ডাকাতের হাতে না পড়িতে হয়।'

(গ) 'পল্লীর সকলের সঙ্গেই তাঁহার যোগ ছিল অথচ তাঁহার মতো অত্যন্ত একাকিনী কেহ ছিল না।'

(ঘ) 'গণতন্ত্র গণমতের উপরে প্রতিষ্ঠিত হবে, একথা বলাই বাহুল্য।'

(ঙ) 'বুড়ো বাপকে এই জঙ্গলে একা ফেলে রেখে বাড়িতে বসে দিব্যি ফূর্তি করছ লজ্জা করে না?'

৪। কমবেশি ৬টি বাক্যে লিখে নিচের যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৩×২

(ক) 'তোরে হেথায় করবে সবাই মানা।'—'তোরে' শব্দটিতে কাকে উল্লেখ করা হয়েছে? কেন সবাই মানা করতে বলে কবি ভেবেছেন লেখো। ১+২

(খ) 'পথ চলতে এ বয়স যায় না থেমে।'—কোন্ প্রসঙ্গে এই উক্তি? কবি ও কবিতার নাম লেখো। ১+২

(গ) 'এইখানে এসে লুটাইয়া পড়ে সকল রাজমুকুট।'—'কার' লেখা কোন্ কবিতা থেকে নেওয়া এই উদ্ধৃতি? উক্তিটির মূল বক্তব্য একটি বাক্যে লেখো। ১+২

(ঘ) 'রক্তপায়ী উদ্ধত সঙ্গিণে সুন্দরেরে বিদ্ধ করে।'—কোন্ মূল কাব্যগ্রন্থ থেকে উদ্ধৃতিটি গৃহীত? উদ্ধৃতাংশটির বক্তব্য বিষয় দু-একটি বাক্যে লেখো। ১+২

(ঙ) 'পোপের ভয়ে দেশান্তরী হয়েছিলেন লিওনার্দো-দা-ভিঞ্চি।'—'পোপ' এবং 'লিওনার্দো-দা-ভিঞ্চি'র পরিচয় দাও। ১½+১½

৫। কমবেশি ১৮টি বাক্যের মধ্যে যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৯×১

(ক) 'সবুজের অভিযান' কবিতাটির কবির নাম কি? কবিতাটির মূল বক্তব্য কি? মূল বক্তব্যের সঙ্গে নামকরণ কতটা সার্থক বলে তোমার মনে হয়েছে বিশদে লেখো। ১+৩+৫

(খ) 'বাহির পানে তাকায় না যে কেউ/দেখে না যে বান ডেকেছে/জোয়ার-জলে উঠছে প্রবল ঢেউ।'—কবির কেন মনে হয়েছে - কেউ বাইরের দিকে তাকায় না? উদ্ধৃতিটিতে কবির মনের ভাবনাটি ঠিক কী লেখো। ৫+৪

(গ) 'এ দেশের বুকে আঠারো আসুক নেমে।'—কোন্ কবিতা থেকে উদ্ধৃতিটি নেওয়া? মূল কাব্যগ্রন্থের নাম লেখো। কবি এ দেশের বুকে আঠারো বছরকে আহ্বান করেছেন কেন লেখো। ১+১+৭

(ঘ) 'তোমার হৃদয় বিশ্ব-দেউল সকল দেবতার।'—কোন্ কবিতার অংশ? 'বিশ্ব-দেউল' কথাটির অর্থ কী? 'বিশ্ব-দেউলের' অবস্থান কার হৃদয়ে এবং কেন বলে তোমার মনে হয় লেখো। ১+২+২+৪

(ঙ) 'অন্তরে লভেছি তব বাণী/তাইতো মানি না ভয়, জীবনেরই জয় হবে জানি।'—কার বাণীর কথা 'তব বাণী' এই উদ্ধৃতিতে পরিস্ফুট? কবি আজ আর ভয় পান না কেন? কবির উপলব্ধিতে জীবনের জয়গান কীভাবে রচিত হবে লেখো। ১+২+৬

(চ) 'বরং তাকেই একদিন রাস্তা ছাড়তে হয়।'—কার লেখা কোন্ কবিতার অংশ? রাস্তা কাকে একদিন ছেড়ে দিতে হয়? একাজে উদ্দীপ্ত ব্যক্তি বাধ্য হয় কেন লেখো। ২+১+৬

৬। প্রসঙ্গ উল্লেখ করে কমবেশি ১০টি বাক্যে যে কোনো **একটির** ব্যাখ্যা লেখো : ৫×১

(ক) 'সবুজ নেশায় ভোর করেছিস ধরা,/ঝড়ের মেঘে তোরই তড়িৎ ভরা।'

(খ) 'আঠারো বছর বয়স জানে না কাঁদা।'

(গ) 'মসজিদ এই, মন্দির এই, গির্জা এই হৃদয়।'

(ঘ) 'প্রাণ রুদ্ধ, প্রাণ স্তব্ধ/ভারতের স্নিগ্ধ উপকূলে লুব্ধতার লাল, ঝড়ে।'

(ঙ) 'তাদের স্বপ্ন এক মুহূর্ত সেই চিৎকার শুনে থমকে তাকায়।'

৭। নিচের যে কোনো ৬টি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৬

(ক) উক্তি পরিবর্তন করো ঃ

তাপসীরা কহিতে লাগিলেন, 'বৎস! এই সকল জন্তুকে আমরা আপন সন্তানের ন্যায় স্নেহ করি; তুমি কেন অকারণে উহারে ক্লেশ দাও? আমাদের কথা শুন, শান্ত হও, সিংহ শিশুকে ছাড়িয়া দাও। ৫×১

অথবা,

বলিলাম, খাম্বা কী করে জানলে, সে বলিল, চিরকাল শুনে আসছি বাবুজি, তাছাড়া সেই রাজার বংশধর এখনও বর্তমান। বড়ো কৌতুহল হইল। — কোথায়? লোকটা আঙ্গুল দেখাইয়া বলিল, — এ জঙ্গলের উত্তর সীমানায় একটি ছোটো বস্তি আছে— সেখানে থাকে। ৫×১

(খ) ভাষা বলতে কী বোঝ? একটি এদেশীয় ও একটি বিদেশীয় ভাষার নাম লেখো। ২+৩

অথবা,

প্রাকৃত ভাষার অর্থ কী? প্রাকৃত ভাষার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৪

(গ) শব্দার্থের বিস্তার বা প্রসার এবং শব্দার্থের সংকোচন-এর উদাহরণ সহ সংজ্ঞা দাও। $২\frac{১}{২}+২\frac{১}{২}$

অথবা,

যে কোনো পাঁচটি শব্দের ক্ষেত্রে কী জাতীয় অর্থ পরিবর্তন হয়েছে তা উল্লেখ কর ঃ ফলার, শ্বাপদ, মার্জনা, লাঞ্ছিতে, কবি, যম, প্রভাত, অন্ন।

(ঘ) যে কোনো ৫টি প্রবাদ/বাগধারা অবলম্বনে ৫টি আলাদা বাক্য লেখো ঃ ১×৫

অতি চালাকের গলায় দড়ি, এক হাতে তালি বাজে না, গাছে কাঁঠাল গোঁফে তেল, ঘর পোড়া গোরু সিঁদুরে মেঘ দেখলে ডরায়, ভাগের মা গঙ্গা পায়না, অরণ্যে রোদন, আক্কেল সেলামি, খয়ের খাঁ, উত্তম মধ্যম, গড্ডালিকা প্রবাহ।

(ঙ) ব্যাকরণগত যে কোনো পাঁচটি অশুদ্ধ শব্দ শুদ্ধ ক'রে লেখো ঃ ১×৫

ওনুমান, ব্যাথ্যা, কাহীনি, দিঘী, পৃথীবি, শ্রমজিবি, দূর্গা, শারিরিক, শিরনাম, প্রাঙ্গন, দেবীদাস।

(চ) ব্যাকরণগত অশুদ্ধিকে কয়ভাগে ভাগ করা হয় ও কি কি? 'ন' এবং 'ণ' 'ঘটিত' দুটি করে ভুল উদাহরণ সহযোগে দেখাও। ২+৩

(ছ) নীচের বাক্যগত অশুদ্ধি সংশোধন করে শুদ্ধ বাক্য লেখো (৫টি) ঃ ১×৫

রমেশের কথা শুনিয়া ভালো লাগল।

আজ নতুন বাঙালির পাঁঠার দোকান থেকে মাংস কিনেছি।

প্রধান শিক্ষকের নিকট সবিনয়পূর্বক নিবেদন করিলাম।

বাসের এই আসনে কেবলমাত্র বৃদ্ধ বা মহিলারা বসিবে।

মা দীর্ঘকাল অসুস্থ থাকার পর আরোগ্য হয়েছেন।

সকল বালকরা ফুটবল মাঠে খেলছে।

আমার সব দাঁতই ব্যথায় কনকন করছে।

৮। কম বেশি ৩০০ শব্দের মধ্যে যে কোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর ঃ ১০

(ক) সমাজ গঠনে সংবাদপত্রের ভুমিকা।

(খ) একটি শীতের সকাল।

(গ) পালস পোলিও টীকাকরণ অভিযান।

(ঘ) বৃত্তিমূলক শিক্ষা ও তার ভবিষ্যৎ।

(ঙ) সদ্য অনুষ্ঠিত কমন ওয়েল্থ গেমস।

(চ) সার্ধ শতবর্ষে রবীন্দ্রনাথ।

৯। চলিত বাংলায় যে কোনো **একটির** অনুবাদ করো ঃ ৫

A. Words have a lot of power. They can help or hurt, bless or curse. Unkind words do a lot of harm. Kind words do a lot of good. A kind word is often more welcome than a costly present.

B. Computer is a new miracle of science. It can make thousands of calculations in a moment. It can store in its memory millions of facts and figures. Computers are used in Banks, Shops, Offices, Laboratories, Libraries everywhere.

১০। নীচের যে কোনো **একটি** বিষয় নিয়ে সংলাপ রচনা করো ঃ ১০×১

(ক) শহর ও গ্রামের সমস্যা নিয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ।

(খ) বৃত্তিমূলক উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ হবার পর জীবনের ভবিষ্যৎ লক্ষ্য সম্পর্কে দুই পরীক্ষার্থী বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ।

(গ) শিক্ষা প্রতিষ্ঠানে র‍্যাগিং সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ।

(ঘ) নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি বিষয়ে দুই বন্ধুর কাল্পনিক সংলাপ।

১১। নীচের যে কোনো **একটি** বিষয় নিয়ে ভাব-সম্প্রসারণ অথবা ভাবার্থ লেখো ঃ ৫

(ক) ধ্বনিটিরে প্রতিধ্বনি সদা ব্যঙ্গ করে;
ধ্বনি কাছে ঋণী সে যে পাছে ধরা পড়ে।

(খ) যে মানুষটা বলে, আমাদের শেখবার নেই, সে মরতে বসেছে। যে জাতটা বলে আমরা সবজান্তা, সে জাতের অবনতির দিন অতি নিকট। 'যতদিন বাঁচি ততদিন শিখি'। তবে দেখ, জিনিসটা আমাদের ঢঙে ফেলে নিতে হবে, এইমাত্র। আর আসলটা সর্বদা বাঁচিয়ে বাকি শিখতে হবে। বলি—খাওয়া তো সব দেশেই এক; তবে আমরা পা গুটিয়ে বসে খাই, বিলাতিরা পা ঝুলিয়ে বসে খায়। এটারও কারণ শেখা দরকার।